

মিরাট ষড়যন্ত্র মামলা

মিরাট ষড়যন্ত্র মামলা, ইতিহাসের বুকে একটি গুরুত্বপূর্ণ ঘটনা, যে সমস্ত ছাত্র-ছাত্রী চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছে, তাদের উদ্দেশ্যে এই মিরাট ষড়যন্ত্র মামলা সম্পর্কে কিছু তথ্য নিচে দেওয়া হল এবং মিরাট ষড়যন্ত্র সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হলো, পুরো পোস্টটি পড়ো এখান থেকে চাকরির পরীক্ষায় বিভিন্ন ধরনের প্রশ্ন নিয়ে থাকে।

ভূমিকা :

মিরাট ষড়যন্ত্র মামলা, যেটি ঘটেছিল ১৯২৯ সালে। কমিউনিস্ট শ্রমিক নেতাদের বিরুদ্ধে ব্রিটিশ সরকারের এই মামলা 'মিরাট ষড়যন্ত্র মামলা' নামে পরিচিত। অভিযুক্ত ৩৩ জন কমিউনিস্ট নেতার মধ্যে তিনজন ব্রিটিশ নাগরিকও ছিলেন। এঁরা হলেন ফিলিপ স্প্যাট, বেঞ্জামিন ফ্রান্সিস ব্রাডলি এবং লেস্টার হাচিনসন। মিরাট ষড়যন্ত্র মামলার প্রতিক্রিয়া

ঐতিহাসিক অমলেশ ত্রিপাঠী বলেছেন যে, কেবলমাত্র কমিউনিস্ট নেতাই মিরাট ষড়যন্ত্র মামলায় অভিযুক্ত হননি, কংগ্রেসের আটজন গুরুত্বপূর্ণ সদস্যও এই মামলায় অভিযুক্ত হয়েছিলেন। যাইহোক, এর প্রতিক্রিয়া স্বরূপ - জওহরলাল নেহরু এই রায়কে "শ্রমিক আন্দোলনের প্রতি সরকারের আক্রমণাত্মক নীতিরূপে অভিহিত করে" এই মামলায় অভিযুক্ত আসামীদের সমর্থনে দেশে-বিদেশে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়। গোটা ভারতবর্ষের জুড়ে হরতালের সৃষ্টি হয়।

মামলার প্রেক্ষাপট:

- ১. মালিক ও শ্রমিকের মধ্যে বিরোধ :** বিংশ শতকের প্রথমদিকে মালিকের শোষণ ও অত্যাচারে শ্রমিক অসন্তোষ হয়ে ওঠে পরবর্তীকালে এই শ্রমিক বাধ্য হয়ে হয়ে বিদ্রোহ ঘোষণা করে। অসন্তোষকে কাজে লাগিয়ে কমিউনিস্টরা এই আন্দোলনকে আরো জোরদার করে তোলে সেই ক্ষেত্রে এই সময় ব্রিটিশরা গভীর চিন্তায় পড়ে।
- ২. পূর্ণ স্বাধীনতার দাবিঃ** ১৯২৮ সালে জাতীয় কংগ্রেসের অধিবেশনে (অধিবেশন হয়েছিল কলকাতায় এ এবং সভাপতি ছিলেন মতিলাল নেহেরু) প্রায় ২৫ হাজার শ্রমিক এখানে যোগ দেয় এবং কমিউনিস্ট নেতাদের সহযোগিতায় পূর্ণ স্বাধীনতার দাবি ঘোষণা করে যা ইংরেজদের মাথাব্যথার কারণ হয়ে দাঁড়ায়।
- ৩. হুইটলি কমিশন নিয়োগঃ** শ্রমিকদের অসন্তোষ তীব্রতরে পৌঁছালে ব্রিটিশ সরকার হুইটলী কমিশন নিয়োগ করতে বাধ্য হয়। এই পরিস্থিতিতে ব্রিটিশ সরকার কিছু দমনমূলক নীতি গ্রহণ করেন, এবং কিছু কমিউনিস্ট নেতাকে গ্রেফতার করেন এই সময় তাদের বিরুদ্ধে যে মামলা দায়ের করা হয় সেটি মিরাট ষড়যন্ত্র মামলা নামে পরিচিত।

মিরাট ষড়যন্ত্র মামলা গুরুত্বপূর্ণ কেন?

১. ভারতের বৈপ্লবিক কর্মধারাকে দমন করার জন্য এই নীতি গ্রহণ করা হলেও পরবর্তী আন্দোলন গুলোকে জোরদার করার জন্য এই আন্দোলনে একটি গুরুত্বপূর্ণ কারণ হয়ে দাঁড়ায়
২. স্বাধীনতার পূর্বে যে সমস্ত আন্দোলন ঘটেছিল সেই সমস্ত আন্দোলনের ক্ষেত্রে মিরাট ষড়যন্ত্র মামলা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল, এর পরবর্তী আন্দোলন গুলিকে স্বাধীনতার দিকে নিয়ে যাওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে

Q-মিরাট ষড়যন্ত্র মামলায় দুজন অভিযুক্ত বিদেশির নাম লেখ
বেঞ্জামিন ব্রাডলি ও ফিলিপ স্প্যাট।

Q-মিরাট ষড়যন্ত্র মামলা শুরু হয়েছিল কত সালে?

১৯২৯ সালে